

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়  
তালতলী, বরগুনা।  
www.taltali.barguna.gov.bd

স্মারক নম্বর-০৫.১০.০৪৯২.০০৪.০৯.০০৩.২৩-১৩০৪

তারিখ: ১৪ অগ্রহায়ণ ১৪৩০ বঙ্গাব্দ  
২৯ নভেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ।


**গণবিজ্ঞপ্তি**

বিষয় : চলাচলের রাস্তা ও রাস্তার পার্শ্ববর্তী অংশ থেকে সকল প্রকার প্রতিবন্ধকতা অপসারণ।

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, দিনের বিভিন্ন সময় ও রাতের বেলা রাস্তা ও রাস্তার পাশে বিভিন্ন যানবাহন পার্ক করে রাখতে দেখা যায়। এছাড়া লক্ষ্য করা যায় যে, বিভিন্ন নির্মাণ সামগ্রী (রড, ইট, বালি, সিমেন্ট, কাঠ, টিন, পানির ট্যাংক ও তেলের ব্যারেল ইত্যাদি) রাস্তার চলাচলের জায়গায় অনির্দিষ্টকালের জন্য স্থাপন করে রাখা হচ্ছে। এছাড়াও বিভিন্ন গাছের গুড়ি (log) রাস্তার পার্শ্ব ঘেঁষে রাখা হয়। এর ফলে কুলগামী শিশু, নারী ও বয়স্কদেরসহ সকলের চলাচলে বিঘ্ন ঘটছে, যানজট তৈরি হচ্ছে, দুর্ঘটনায় মানুষ হতাহত হচ্ছে। বর্ধিত আচরণ দস্তবিধি ১৮৬০ অনুযায়ী দস্তনীয় অপরাধ।

এমতাবস্থায়, সকল যান-চালককে রাস্তার পাশে যত্রতত্র পার্কিং না করার জন্য নির্দেশনা প্রদান করা হলো। এছাড়া সংশ্লিষ্টদের আগামী ৪৮ ঘণ্টার মধ্যে রাস্তা এবং রাস্তার পাশের এক মিটারের মধ্য থেকে যেকোন ধরনের প্রতিবন্ধক (নির্মাণসামগ্রী, গাছের গুড়ি (log), দোকানের বর্ধিত অংশ প্রভৃতি) বিনা বার্তাভায়ে অপসারণের জন্য নির্দেশনা প্রদান করা হলো।

নির্দেশনা অমান্যকারীদের বিরুদ্ধে অনতিবিলম্বে মোবাইল কোর্ট আইন-২০০৯ অনুসারে কঠোর আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

  
২২/১১/২৩  
(সিফাত আনোয়ার তুমপা)  
উপজেলা নির্বাহী অফিসার  
ও  
এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট  
তালতলী, বরগুনা  
মোবাইল নং-০১৭৩৩৩৪৮০২৭  
ই-মেইল: unotaltoli@mopa.gov.bd  
uno.taltoli.2022@gmail.com

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে:

১. জেলা প্রশাসক ও বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, বরগুনা।
২. অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, বরগুনা।
৩. সহকারী কমিশনার (ভূমি), তালতলী, বরগুনা।
৪. থানা ভারপ্রাপ্ত কর্মকর্তা, তালতলী, বরগুনা।
৫. চেয়ারম্যান, পঁচাকোড়ালিয়া/ছোটবগী/কড়ইবাড়িয়া/শারিকখালী/বড়বগী/নিশানবাড়িয়া/সোনাকাটা ইউনিয়ন পরিষদ, তালতলী, বরগুনা (গণবিজ্ঞপ্তিট অত্র ইউনিয়নে প্রচারণার জন্য অনুরোধ করা হলো)।
৬. জনাব .....তালতলী, বরগুনা।
৭. অফিস কপি।